

2100574/180116016

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
হবিগঞ্জ।
dgplhabiganj@gmail.com

Ave(Edu)
22/02/20

UPA
22/02/20

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের স্মারক নং- ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.৯২/১(৭০) তাং- ১১.১২.২০১৮ এর নির্দেশনা অনুযায়ী জেলা সরকারি গণগ্রন্থাগার, হবিগঞ্জ 'জেলা প্রশাসন, হবিগঞ্জ' এর সার্বিক সহযোগিতায় রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করেছে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র. নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
০১.	ক	পঞ্চম-৬ শ্রম	মাতৃভাষায় শিক্ষা প্রদানের গুরুত্ব	১০০০
০২.	খ	নবম-দ্বাদশ	ভাষা আন্দোলনের প্রেক্ষাপট	১২০০
০৩.	গ	স্নাতক - স্নাতকোত্তর	কবিতা ও গানে ভাষা আন্দোলন	১৫০০
০৪.	ঘ	সর্বসাধারণ	আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র. নং	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
০১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উনুত্ত
০২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	ভাষা আন্দোলন

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা জেলা সরকারি গণগ্রন্থাগার, হবিগঞ্জে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ২০.০২.২০১৮।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: চিত্রাংকন প্রতিযোগিতা জেলা সরকারি গণগ্রন্থাগার, হবিগঞ্জে ২০.০২.২০১৮ তারিখ বিকেল ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

শর্তাবলী:

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনায় শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রত্যেক প্রতিযোগীকে ১৯.০২.২০১৮ তারিখের মধ্যে অত্র গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমানের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।

স্বাক্ষরিত-মোঃ সাইফুল ইসলাম
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
হবিগঞ্জ।
ফোনঃ ০৮৩১-৬৩৯৮৭
তারিখঃ ১৫.০১.২০১৮ খ্রিঃ

স্মারক নং- জেসগগ্র/হবি/প্রতিযো/২৭/২০১৮/ ৫৯৫(৩০০)
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), হবিগঞ্জ।
০৩. উপজেলা নির্বাহী অফিসার(সকল)....., হবিগঞ্জ।
০৪. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট।
০৫. অধ্যক্ষ....., হবিগঞ্জ।
০৬. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিশু বিষয়ক কর্মকর্তা/জেলা কালচারাল অফিসার, হবিগঞ্জ।
০৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল)....., হবিগঞ্জ।
০৮. উপজেলা শিক্ষা অফিসার(সকল)....., হবিগঞ্জ।
০৯. প্রধান শিক্ষক....., হবিগঞ্জ।
১০. অফিস নাথি।

Handwritten signature and date: 22/02/20

Handwritten signatures and dates: 22/02/20

Sanful
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
হবিগঞ্জ।
ফোনঃ ০৮৩১-৬৩৯৮৭